

## শিগগিরই ভাড়া বাড়াবে না থাই এয়ারলাইনসগুলো

- A Monitor Desk Report

Date: 18 September, 2023



ঢাকা : শিগগিরই উড়োজাহাজ ভাড়া বাড়াচ্ছে না থাইল্যান্ডের এয়ারলাইনসগুলো। পরিচালন ব্যয় বৃদ্ধি সত্ত্বেও টিকিটের মূল্য প্রায় অপরিবর্তিত রাখার পরিকল্পনা করছে দেশটির সিভিল এভিয়েশন কর্তৃপক্ষ (সিএএটি)।

সম্প্রতি এয়ারলাইনস অ্যাসোসিয়েশন অব থাইল্যান্ড (এএটি) ও সিভিল এভিয়েশন অথরিটি অব থাইল্যান্ড একটি সেমিনার আয়োজন করে। সেখানে সিএএটির পরিচালক সুতিপং কংপুল বলেন, ‘পরিচালন ব্যয়ের ৩০-৪০ শতাংশ খরচ হয় জ্বালানি বাবদ। তবে শিগগিরই জেট ফ্যুয়েলের দাম বাড়াবে না। বর্তমানে ব্যারেলপ্রতি মূল্য ১২০ ডলার। কর্তৃপক্ষ নির্ধারিত সর্বোচ্চ দাম কমপক্ষে তিন বছরের জন্য অপরিবর্তিত থাকবে।’

সিএএটির প্রবিধান অনুসারে, বর্তমানে স্বল্প মূল্যের উড়োজাহাজ ভাড়া প্রতি কিলোমিটারে ৯ দশমিক ৪ থাই বাথ এবং পূর্ণ পরিষেবা ভাড়া নির্ধারিত রয়েছে সর্বোচ্চ ১৩ থাই বাথ।

সুতিপং বলেন, ‘এর আগে কভিড-১৯ মহামারীর সময় জ্বালানি তেলের দাম বেড়ে যখন ১৭০-১৮০ ডলারে উন্নীত হয়েছিল তখনো উড়োজাহাজ ভাড়ার সর্বোচ্চ সীমা বাড়াইনি কর্তৃপক্ষ। একই সঙ্গে যাত্রীর সুবিধার কথা চিন্তা করে ন্যূনতম মূল্যসীমাও নির্ধারণ করেনি। বিশেষ করে যারা অগ্রিম টিকিট সংগ্রহ করে, তারা স্বল্প মূল্যে টিকিট সংগ্রহের সুবিধা নিতে পারে।’

আরও পড়ুন: [চার এয়ারলাইন্সে বেবিচকের পাওনা ১২২৩ কোটি টাকা](#)

উড়োজাহাজ ভাড়াসংক্রান্ত সেমিনারে সিএএটি তথ্য প্রকাশ করেছে। সেখানে দেখা যায়, ব্যাংককের ডন মুয়াং বিমানবন্দর থেকে ফুকেট পর্যন্ত গত ১৯ মের এক ফ্লাইটের বুকিংয়ে ৩২ দশমিক ৮ শতাংশ যাত্রী ১ হাজার বাথ, ৩৭ দশমিক ৯ শতাংশ যাত্রী ১ হাজার ১ থেকে ১ হাজার ৫০০ ও মাত্র দশমিক ৮ শতাংশ যাত্রী ৩ হাজার ৫০১ থেকে ৪ হাজার থাই বাথের টিকিট কিনেছে। সে অর্থে অধিকাংশ যাত্রী স্বল্প মূল্যের টিকিট সংগ্রহ করেছে।

